

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভূপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

তারিখ : ১৩/০৮/২০২৫ ইং,

সময় : বিকাল ৩.০০ টা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর মহোদয়ের কার্যালয়।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- সংযুক্ত ৪ ক।

জনাব ভূপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
০১	২০২৫-২৬ অর্থ বছরের উন্নয়নমূলক কাজের সঠিকভাবে তদারকি প্রসঙ্গে	২০২৫-২৬ অর্থ বছরের উন্নয়নমূলক কাজ সঠিকভাবে তদারকির বিষয়ে সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন।	যে কোন কাজ শুরুর পূর্বে প্রধান শিক্ষকের হাতে প্রাক্কলন পৌছানো নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে দায়িত্ব প্রদান করা হয়।	ইউপিও, ইউএপিও
০২	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়ন	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়ন বিষয়ে সভায় নিবিড়ভাবে বিদ্যালয় পরিদর্শন ও একাডেমিক সুপারভিশন জোরদার করার জন্য ইউপিও, ইউএপিও ও প্রধান শিক্ষকগণকে বিভাগীয় নির্দেশনা মোতাবেক দায়িত্বপালনের জন্য অনুরোধ করা হয়।	নিবিড়ভাবে বিদ্যালয় পরিদর্শন ও একাডেমিক সুপারভিশন জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিও, ইউএপিও ও প্রধান শিক্ষক
০৩	প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ ও উঠান বৈঠক করা প্রসঙ্গে	প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ ও উঠান বৈঠক জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। মায়েদের অসচেতনতা ও সমাবেশের দিন অনুপস্থিত থাকার কারণে মা সমাবেশ সফলভাবে সম্পন্ন করা যাচ্ছে না বলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয় সভা সফলকে অবহিত করেন।	বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মায়েদের সম্পৃক্তকরণ নিশ্চিতকল্পে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণকে সমাবেশের ৩ দিন আগে থেকে ব্যপক প্রচারনা চালানোর বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিও, ইউএপিও, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


 (ভূপালী সরকার)

প্রশাসক

উপজেলা পরিষদ

ও

উপজেলা নির্বাহী অফিসার

ঝিকরগাছা, যশোর।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :-

১. জেলা প্রশাসক, যশোর।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।
৪. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর
৫. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর
৬. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, হাজিরবাগ ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিকরগাছা, যশোর
৮. অফিস সংরক্ষণ নথি।

(মোঃ ওয়াকীলুল্লাহ রহমান) ২৫

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও মধ্যশিক্ষা কমিটি

ও

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
বিকরগাছা, যশোর

